# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩০৩

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৩. তিনবার মাথা মসেহ করার দলীল

بَاب دَلِيلِ تَثْلِيث الْمَسْحِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ الْمَطِيرِيُّ ، ثَنَا عَلِيُّ بْنُ حَرْبٍ ، نَا زَيْدُ بْنُ الْحُبَابِ ، نَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ ثَابِتِ بْنِ ثَوْبَانَ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْفَضْلِ ، عَنِ الأَعْرَجِ ، عَنْ أَبِي هُرَيْرَةَ : أَنَّ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ تَوَضَّأَ مَرَّتَيْنِ مَرَّتَيْنِ

বাংলা

৩০৩(৯)। মুহাম্মাদ ইবনে জাফার আল-মুতীরী (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উযুর অংগসমূহ দুইবার করে ধৌত করেছেন।

ফুটনোট

* আবদুর রহমান ইবনে ছাবেত ইবনে ছাওবান (রহঃ) দামেশকের অধিবাসী কৃচ্ছ্রসাধক। তিনি নির্ভরযোগ্য রাবী (দুহাইম ও আবু হাতেম)। ইবনে মুঈন বলেন, তার ব্যাপারে কোন দোষ নেই। আবু দাউদ বলেন, তিনি সুস্থ এবং তার দোয়া কবুল হয়। উসমান ইবনে সাঈদ (রহঃ) ইবনে মুঈনের সূত্রে তাকে দুর্বল রাবী বলেন। ইমাম আহমাদ বলেন, তার হাদীস প্রত্যাখ্যাত। ইমাম নাসাঈর মতে, তিনি তেমন শক্তিশালী রাবী নন এবং ইবনে আদী বলেন, তার স্মরণশক্তির দুর্বলতার কারণে তিনি হাদীস লিখে রাখতেন। মোটকথা উপরোক্ত হাদীসের সনদ সুষ্ঠু ও যথার্থ (অনুবাদক)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন । বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80092

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন